ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৫৮৯
আগরতলা,১৫ জুলাই,২০২৬

## রথযাত্রা উপলক্ষ্যে রাজ্যপালের শুভেচ্ছা

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রথযাত্রা উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, ‘আমাদের দেশের অন্যতম পবিত্র উৎসব রথযাত্রায় ভগবান জগন্নাথ, বলভদ্র এবং দেবী শুভদ্রার দিব্যযাত্রা উদযাপন করা হয়। এই উৎসব ভক্তি, বিনয়, করুনা এবং ঈশ্বর ও মানবতার মধ্যেকার চিরন্তন বন্ধনের প্রতীক। প্রার্থনা ও ভক্তির মাঝে যখন পবিত্র রথগুলি রাজপথ দিয়ে এগিয়ে যায় তখন এই পুণ্য উৎসব আমাদের ঐক্যের বন্ধন দৃঢ় করতে, পারস্পরিক শ্রদ্ধাবোধ জাগিয়ে তুলতে এবং সমাজে শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধির জন্য একসঙ্গে কাজ করতে অনুপ্রাণিত করে। ভগবান জগন্নাথের আশীর্বাদ প্রতিটি ঘরে আনন্দ, সুস্বাস্থ্য, সুখ ও সাফল্য বয়ে আনুক এবং আমাদের সত্য, করুণা ও মানবসেবার পথে পরিচালিত করুক।’

*****